# উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব সৈয়দ আমজাদ হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, রামগতি, লক্ষ্মীপুর।
স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ , রামগতি, লক্ষ্মীপুর।
তারিখ : ২৫/০৯/২০২৪ খ্রিঃ , রোজ : বুধবার, সকাল -১১.০০ ঘটিকা ।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

| ক্রঃনং | নাম | পদবী / অফিসের ঠিকানা | সাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব আবু সাঈদ তারেক | উপজেলা কৃষি অফিসার, রামগতি, লক্ষ্মীপুর। | স্বাক্ষরিত |
| ০২ | জনাব মোঃ জসিম উদ্দিন | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রামগতি, লক্ষ্মীপুর। | ,, |
| ০৩ | জনাব ডাঃ মোঃ নজরুল ইসলাম | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রামগতি, লক্ষ্মীপুর। | ,, |
| ০৪ | জনাব মোঃ জহিরুল ইসলাম | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রামগতি, লক্ষ্মীপুর। | ,, |
| ০৫ | জনাব মোহাম্মদ আবদুস সাত্তার | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রামগতি, লক্ষ্মীপুর। | ,, |
| ০৬ | | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত ব্যক্তি, রামগতি, লক্ষ্মীপুর। | ,, |
| ০৭ | জনাব মোঃ শাহজাহান | এনজিও প্রতিনিধি, জনসেবা কেন্দ্র, রামগতি, লক্ষ্মীপুর। | ,, |
| ০৮ | জনাব মোঃ শাহাব উদ্দিন | কৃষক প্রতিনিধি ও সদস্য উপজেলা কৃষি পুনর্বাসন কমিটি, রামগতি, লক্ষ্মীপুর। | " |

**সভার আলোচ্য সূচীঃ**

১। ২০২৪-২৫ অর্থবছরে খরিপ-২/মৌসুমে পুনর্বাসন কর্মসূচির আওতায় অতিবৃষ্টি, বন্যা ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলে ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বসতবাড়িতে বিনামূল্যে শীতকালিন শাকসবজির বীজ ও নগদ অর্থ সহায়তা প্রদান কর্মসূচির আওতায় ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বিভিন্ন জাতের শীতকালিন শাক সবজির বীজ ও নগদ অর্থ সহায়তা প্রদান কর্মসূচির পৌরসভা/ইউনিয়ন অনুযায়ী বরাদ্দ বিভাজন।
২। বীজ সরকারী প্রতিষ্ঠান হইতে ক্রয় এবং পরিবহন ও গুদামজাত বিষয়ে আলোচনা।
৩। বিবিধ।

সভাপতি কর্তৃক উপস্থিত সম্মানিত সদস্যগনকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি কর্মকর্তা, রামগতি, লক্ষ্মীপুর মহোদয় সভার আলোচ্য বিষয়গুলো নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।

কৃষি মন্ত্রণালয় উপকরণ-২ শাখা এর ০৪/০৯/২০২৪ খ্রি: তারিখের স্মারক নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২২.২৪১ সংখ্যক পত্রের এবং পরবর্তীতে জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার স্মারক নং-১২.১৭.২০৫১.০৪১.০৩.০১৮.২০২৪-৯২২(১৮), তারিখ: ১১/০৯/২০২৪ খ্রি: মোতাবেক ২০২৪-২৫ অর্থবছরে খরিপ-২/মৌসুমে পুনর্বাসন কর্মসূচির আওতায় অতিবৃষ্টি, বন্যা ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলে ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বসতবাড়িতে বিনামূল্যে শীতকালিন শাকসবজির বীজ ও নগদ অর্থ সহায়তা প্রদান কর্মসূচির আওতায় রামগতি উপজেলার জন্য সর্বমোট ৩০০০ জন/বিঘা বরাদ্দ পাওয়া যায়। শীতকালিন শাকসবজির বীজ বাবদ = ১৫,৬০০০০/- (পনেরো লক্ষ ষাট হাজার টাকা), পরিবহন বাবদ=৬০০০/- ( ছয় হাজার টাকা) এবং আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় বাবদ = ৩০০০/- ( তিন হাজার টাকা) ও নগদ অর্থ সহায়তা ৩০,০০০০০/-( ত্রিশ লক্ষ টাকা) সহ সর্বমোট= ৪৫,৬৯০০০/- ( পয়তাল্লিশ লক্ষ উনসত্তর হাজার টাকা ) বরাদ্দ পাওয়া যায়।

উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সদস্য সচিব উক্ত স্মারকের শর্তাবলী ও কৃষি পুনর্বাসন বাস্তবায়ন নীতিমালা সভায় উপস্থাপন করেন। এ কর্মসূচির আওতায় অনুমোদিত তালিকা অনুযায়ী একজন কৃষক বসতবাড়িতে শাকসবজি চাষের জন্য ৮ ধরনের ২০ প্যাকেট সবজি- টমেটো (১প্যাকেট), বেগুন (১প্যাকেট), পালংশাক (৪প্যাকেট), লালশাক (৪প্যাকেট), শিম (৩প্যাকেট), লাউ (১প্যাকেট), অন্যান্য শাক [কলমি শাক (২প্যাকেট), বাটি শাক (২প্যাকেট), এবং মিষ্টি কুমড়া (২প্যাকেট) বীজ ও চারা উৎপাদন ও রোপন বাবদ নগদ ১০০০ টাকা অর্থ সহায়তা পাবেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। উক্ত কর্মসূচির বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত উপকরণ সংগ্রহ ও সুষ্ঠুভাবে কৃষকদের মাঝে বিতরণের জন্য তিনি উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সহযোগিতা কামনা করেন।

উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সদস্য সচিব সভায় আরো জানান যে, এ কর্মসূচির আওতায় প্যাকেটকৃত সবজি বীজ উপজেলা ভিত্তিক বিভাজন অনুযায়ী বিএডিসি হতে সংগ্রহ করার নির্দেশনা রয়েছে। কোন কারণে বিএডিসি বীজ সরবরাহে ব্যর্থ হলে স্থানীয়ভঅবে মানসম্মত বীজ মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা মহোদয়ের অনুমতিক্রমে সংগ্রহ করতে হবে। বিএডিসি হতে টমেটো (পুষারুবি) ১০ গ্রাম, বেগুন (বারি বিটি বেগুন-১) ১০ গ্রাম, পালংশাক (কপি পালং) ১০০ গ্রাম, লাল শাক (আলতাপেটি, বারি লালশাক-১) ১০০ গ্রাম, শিম (ইপসা-২, সাদা শিম (রহিম) ৫০ গ্রাম, লাউ (ক্ষেত লাউ) ১০ গ্রাম, অন্যান্য শাক- [ কলমি শাক (গিমাকলমি) ১০০ গ্রাম, বাটিশাক (বারি বাটিশাক-১) ১০ গ্রাম, এবং মিষ্টি কুমড়া (বারিমাসী) ১৫ গ্রাম উপজেলা ভিত্তিক বিভাজন অনুযায়ী প্রত্যেক কৃষককে ৮ ধরনের সবজি বীজের মোট ২০ প্যাকেট বীজ বিতরণ করতে হবে।

উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সদস্য সচিব সভায় আরো জানান যে, সংশ্লিষ্ঠ ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক নির্বাচন করে অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন। উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তাবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তাবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে সরকারি আদেশে বর্ণিত শর্তাবলি অনুযায়ী বাস্তবায়ন করবেন।

সংশ্লিষ্ঠ ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তাগণ এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের স্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথ ভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোলে সংরক্ষণ পূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের স্বাক্ষর/টিপসহি, স্ট্যাম্প সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্র নম্বর ও মোবাইল নম্বর বিকাশ যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপসহকারী কৃষি কর্মকর্তা স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি কর্মকর্তা প্রতিস্বাক্ষর করবেন।

উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সদস্য সচিব সভায় আরো জানান যে, এ কর্মসূচীর সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। সকল উপকরণ সংশ্লিষ্ট কৃষক নিজে গ্রহণ করবেন। কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ব্যতীত অন্য কাউকে প্রদান করা যাবে না।

- ❖ আলোচ্য বিষয় গুলো বিস্তারিত আলোচনার পর নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সমুহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত-১: রবি/ ২০২৪-২৫ মৌসুমে শীতকালীন শাকসবজির বীজ ও নগদ অর্থ সহায়তা এ কর্মসূচীর আওতায় অত্র উপজেলায় বরাদ্দকৃত ৩০০০ জনের মধ্যে পৌরসভা/ইউনিয়ন ওয়ারী বিভাজন নিম্নরুপ ):

| ক্র. নং | পৌরসভা/ইউনিয়নের নাম | আবাদযোগ্য জমি (হে:) | শাকসবজি বীজ (জন/বিঘা) |
|---|---|---|---|
| ১ | পৌরসভা | ৬৭০ | ৩৫০ |
| ২ | চর বাদাম ইউনিয়ন | ২৪৭৮ | ৪০০ |
| ৩ | চর পোড়াগাছা ইউনিয়ন | ৩১৫৮ | ৪০০ |
| ৪ | আলেকজান্ডার ইউনিয়ন | ২৮২৪ | ৩০০ |
| ৫ | চর আবদুল্যাহ ইউনিয়ন | ২৩৫৫ | ২০০ |
| ৬ | চর আলগী ইউনিয়ন | ১৮৭০ | ৩৫০ |
| ৭ | চর রমিজ ইউনিয়ন | ৪৪৩৫ | ৪০০ |
| ৮ | বড়খেরী ইউনিয়ন | ১৯৮০ | ৩০০ |
| ৯ | চর গাজী ইউনিয়ন | ৩৮৮০ | ৩০০ |
| | সর্বমোট= | ২৩৬৫০ | ৩০০০ |

সিদ্ধান্ত ২: খরিপ-২/২০২৪-২৫ মৌসুমে এ পুনর্বাসন কর্মসূচীর আওতায় অত্র উপজেলায় বরাদ্দকৃত ৩০০০ জনের মধ্যে জন প্রতি ৮ ধরনের ২০ প্যাকেট সবজি বীজ ও ১০০০/- টাকা নগদ সহায়তা বিকাশের মাধ্যমে প্রদান করা হবে।

সিদ্ধান্ত-৩: খরিপ-২/২০২৪-২৫ মৌসুমে শাকসবজি আবাদকারী প্রান্তিক ও ক্ষুদ্র চাষীদের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে আগামী ২৪/০৯/২০২৪ তারিখের মধ্যে সভাপতি উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বরাবর দাখিল করার জন্য সভায় সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়।

সিদ্ধান্ত-৪: বিভিন্ন ইউনিয়নের দায়িত্ব প্রাপ্ত উপসহকারী কৃষি কর্মকর্তাদের শাকসবজি আবাদকারী ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের অগ্রাধিকার তালিকা তৈরী ও উপকরণ বিতরণে সহায়তা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়।

সিদ্ধান্ত-৫: উপকরণ সংগ্রহ ও বিতরণের ক্ষেত্রে কৃষি মন্ত্রণালয় প্রেরিত নীতিমালা অনুযায়ী বীজ উপজেলা ভিত্তিক জাতওয়ারী বিভাজন অনুযায়ী বিএডিসি, লক্ষ্মীপুর হতে বীজ সংগ্রহ করতে হবে।

সিদ্ধান্ত-৬: বাস্তবায়ন নীতিমালা অনুযায়ী বিএডিসি বীজ দিতে ব্যর্থ হলে পিপিআর-২০০৮ অনুযায়ী ক্রয় করা হবে। নিম্নে উল্লেখিত সদস্যদের সমন্বয়ে কৃষি পুনর্বাসন ক্রয় কমিটি গঠন করা হলো:

১। উপজেলা কৃষি অফিসার, রামগতি, লক্ষ্মীপুর , সভাপতি
২। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, রামগতি, লক্ষ্মীপুর- সদস্য
৩। কৃষি সম্প্রসারণ অফিসার, রামগতি, লক্ষ্মীপুর- সদস্য
৪। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রামগতি লক্ষ্মীপুর- সদস্য সচিব।

সিদ্ধান্ত-৭: মেসার্স কালাম ট্রেডার্স, বিসিআইসি সার ডিলার, হাজীগঞ্জ, রামগতি, লক্ষ্মীপুর কে কৃষি পুনর্বাসনের যাবতীয় বীজ পরিবহনের মাধ্যমে গুদামজাত করার জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-৮: পুনর্বাসন সংক্রান্ত যাবতীয় ক্রয় কার্যক্রম উপজেলা কৃষি অফিসার নীতিমালা অনুসরন করে সমপন্ন করবেন।

সিদ্ধান্ত-৯: অর্থ বরাদ্দ/ উপকরণ প্রাপ্তি সাপেক্ষে দ্রুত কৃষকদের মাঝে বিতরন করার সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৫/০৯/২৪
(সৈয়দ আমজাদ হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
রামগতি, লক্ষ্মীপুর।

স্মারক নং-
তারিখ-২৫/০৯/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হইল।
১। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
২। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, লক্ষ্মীপুর।
৩। উপজেলা ................................................,কর্মকর্তা ও সদস্য উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, রামগতি, লক্ষ্মীপুর।
৪। উপসহকারী কৃষি কর্মকর্তা...............................ব্লক,............... ইউনিয়ন, রামগতি লক্ষ্মীপুর।
৫। অফিস নথি।

২৫.০৯.২৪
(আবু সাঈদ তারেক)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
রামগতি,লক্ষ্মীপুর।